গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-৩
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০৪.১১.০৪৮.১৯.৫২৯

তারিখ: ২৯ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
১৪ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতভুক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পূরণযোগ্য পদের নাম, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যের বিবরণ নিম্নরূপ:

| পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। হিসাবরক্ষক | ০২টি | ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী;<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে;<br>গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | রাজশাহী বিভাগ ব্যতীত সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ২৩টি | ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড- ১৩) | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) বাংলা ও ইংরেজী সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ গতিসম্পন্ন;<br>ঙ) বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ গতিসম্পন্ন; | মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, কিশোরগঞ্জ, শেরপুর, কুমিল্লা, নোয়াখালী, নাটোর, চাপাইনবাবগঞ্জ, লালমনিরহাট, পঞ্চগড়, বাগেরহাট, সাতক্ষীরা, ভোলা ও পটুয়াখালী জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৩। ক্যাশিয়ার | ০১টি | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে;<br>গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৪। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৫টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড- ১৬) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত;<br>গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২০ ও ২০ শব্দ গতিসম্পন্ন। | রংপুর বিভাগ, খুলনা বিভাগ, ঢাকা বিভাগের ঢাকা, নারায়নগঞ্জ, ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ, চট্টগ্রাম বিভাগের কুমিল্লা, রাজশাহী বিভাগের নওগাঁ জেলা ব্যতীত সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্যঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ৫টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড- ১৬) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২০ ও ২০ শব্দ গতিসম্পন্ন সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ; | ময়মনসিংহ বিভাগ, রংপুর বিভাগ, রাজশাহী বিভাগের রাজশাহী জেলা ব্যতীত সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬। ট্রেসার | ২টি | ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড- ১৬) | ক) সরকার কর্তৃক অনুমোদিত কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সিভিল ড্রাফটিং-এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) এ উত্তীর্ণ; অথবা<br>খ) সিভিল ড্রাফটিং-এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল)-এ উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা। | সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭। সর্টার | ১টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড- ২০) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ। | সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৮। অফিস সহায়ক | ১১টি | ৮,২৫০-২০,০১০/- (গ্রেড- ২০) | ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | চট্টগ্রাম বিভাগ, খুলনা বিভাগ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোনা, পাবনা, নওগাঁ, দিনাজপুর, গাইবান্ধা, লালমনিরহাট, ঠাকুরগাঁও, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর ও মৌলভীবাজার জেলা ব্যতীত সকল বিভাগের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলী:**

(১) আবেদনকারী প্রার্থীদেরকে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইট (http://recruitment.plandiv.gov.bd) হতে নির্ধারিত চাকরির আবেদন ফরম হুবহু অনুসরণ করে তা পূরণপূর্বক আবেদনপত্র প্রিন্ট করে স্বাক্ষর দিয়ে ছবি ও প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং পরিকল্পনা বিভাগের উল্লিখিত ওয়েবসাইট হতে ০২ (দুই) কপি প্রবেশপত্র প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত প্রবেশপত্রের নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আঠা দিয়ে সংযুক্ত করে আবেদনপত্রের সাথে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে আগামী ২৬/১২/২০১৯ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপসচিব, প্রশাসন অধিশাখা-৩, পরিকল্পনা বিভাগ, ভবন নং-৯, কক্ষ নং-১৬, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় অবশ্যই পৌঁছাতে হবে।

(২) ওয়েবসাইটের মাধ্যমে ১৯/১১/২০১৯ খ্রি: থেকে ১৮/১২/২০১৯ খ্রি: তারিখের মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনাযোগ্য হবে না। চাকরির আবেদন ফরম পূরণের বিস্তারিত তথ্য http://recruitment.plandiv.gov.bd এই ঠিকানায় পাওয়া যাবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। খামের উপর পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।

(৩) আবেদনকারীকে ক্রমিক ১ হতে ৬ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা এবং ক্রমিক ৭ ও ৮ নং পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-এর অনুকূলে **(নতুন কোড নং-১১৪০১০১১০৩৩৬৩-১৪২২৩২৬ অথবা পুরাতন কোড নং-০১-১৪০১-০০০১-২০৩১)** অফেরতযোগ্য ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে চালানের মূল কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। কোন প্রকার পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

(৪) আবেদনপত্রের সাথে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।

(৫) ১৫/০৯/২০১৯ খ্রি: তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(৬) সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীগণের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৭) ক) ক্রমিক ১ ও ৩ নং পদসমূহ "মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮" দ্বারা নিয়ন্ত্রিত হবে।
খ) ক্রমিক ২, ৪ ও ৮ নং পদসমূহ "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪" দ্বারা নিয়ন্ত্রিত হবে।
গ) ক্রমিক ৫ নং পদ সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" দ্বারা নিয়ন্ত্রিত হবে।
ঘ) ক্রমিক ৬ ও ৭ নং পদসমূহ "পরিকল্পনা বিভাগ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" দ্বারা নিয়ন্ত্রিত হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্যঃ

(৮) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

(৯) প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই এর পর কেবলমাত্র ত্রুটিহীন আবেদনপত্রের প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(১০) লিখিত পরীক্ষাসহ সকল পরীক্ষার ফলাফল (শুধুমাত্র কৃতকার্য প্রার্থীদের) পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটের (www.plandiv.gov.bd) মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

(১১) নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, এতিম, শারীরিক প্রতিবন্ধী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত সার্টিফিকেট উপস্থাপন করতে হবে।

(১২) প্রত্যেক প্রার্থীকে আবেদন পত্রে নিজ ঠিকানা উল্লেখপূর্বক ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত ৯.৫" × ৪.৫" মাপের ১টি ফেরৎ খাম পাঠাতে হবে।

(১৩) যে কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১৪) চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের পরিকল্পনা বিভাগের তত্ত্বাবধানে ডোপ টেষ্ট গ্রহণ করা হবে। উক্ত টেষ্ট পজিটিভ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(১৫) উপরের যে কোন শর্ত ভঙ্গ করলে অথবা প্রয়োজনীয় সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করা না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(১৬) এ নিয়োগ বিজ্ঞপ্তি, চাকরির আবেদন ফরম এবং প্রবেশপত্র পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে (www.plandiv.gov.bd) পাওয়া যাবে।

(১৭) উপরে বর্ণিত হয়নি এমন কোন শর্ত বা নিয়মের ব্যত্যয় হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধিমালা অনুসরণ করা হবে।

(১৮) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদের সংখ্যা বাড়াতে বা কমাতে পারবেন। শূন্যপদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৪/১১/১৯

(শাহীন আক্তার সুমী)
সিনিয়র সহকারী সচিব
প্রশাসন অধিশাখা-৩
পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
শেরে বাংলা নগর, ঢাকা।